

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
[কর নীতি শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৭.২০১৫/০৫

তারিখঃ ২৬ ফাল্গুন, ১৪২১ বঙ্গাব্দ
১০ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রিয়েল স্টেট বা ভূমি উন্নয়ন ব্যবসার সাথে জড়িত নয় এমন ব্যক্তি কর্তৃক জমি হস্তান্তরের ক্ষেত্রে 53FF ধারায় ৩% হারে কর কর্তন প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে অবহিত হয়েছে যে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53FF এর প্রযোজ্যতার বিষয়ে মাঠ পর্যায়ে অস্পষ্টতা রয়েছে। এ প্রসঙ্গে কর নীতি শাখা হতে এরূপ স্পষ্টিকরণ করা হচ্ছে যে, রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়ন ব্যবসায় জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক জমি, বিল্ডিং বা এ্যাপার্টমেন্ট বিক্রয়ের ক্ষেত্রে অথবা জমির মালিক উক্ত ব্যবসার অনুরূপ নিজেই জমি, ভবন বা এ্যাপার্টমেন্ট ক্রয় বিক্রয় করলে উক্ত জমি, ভবন বা এ্যাপার্টমেন্ট রেজিস্ট্রেশনকালে Income-tax Ordinance, 1984 এর ধারা 53H এবং 53FF অনুযায়ী উৎসে আয়কর আদায় প্রযোজ্য হবে। অন্যদের ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 এর ধারা 53H অনুযায়ী উৎসে আয়কর আদায় প্রযোজ্য হলেও ধারা 53FF অনুযায়ী উৎসে আয়কর আদায় প্রযোজ্য হবে না।


মোঃ জসীমুদ্দিন আহমেদ
দ্বিতীয় সচিব (কর আইন-১)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন পরিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ (সকল জেলা রেজিস্ট্রার এবং সাব-রেজিস্ট্রারগণকে বিতরণের জন্য)।
- ২। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা।
- ৩। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
- ৫। কর কমিশনার, কর অঞ্চল- খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/ বরিশাল/ ময়মনসিংহ/ গাজীপুর/নারায়নগঞ্জ/ কুমিল্লা/বগুড়া।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েব সাইটে আপ লোডের জন্য)।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, রিদিশা স্পিনিং লিঃ, ৩৬, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেঁজগাও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, তাদের ১৪/১০/২০১৪ খ্রিস্টাব্দ তারিখের আবেদনের প্রেক্ষিতে।